

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৫.২৪.৬

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অর্থনৈতিক কোড-৪১২৪১০১-চাল ক্রয় খাতে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম-এর স্মারক নং-২২৪৮, তারিখ: ২২.১২.২০২৫খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অপারেশন কোড নং-১২০০০২৬০৫ এর অন্তর্গত অর্থনৈতিক কোড নং-৪১২৪১০১-চাল ক্রয় খাতে কুড়িগ্রাম জেলার নিম্নোক্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ দ্বারা গত অর্থবছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে।

ক্র: নং	অর্থনৈতিক কোড নং	খাতের নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৪১২৪১০১	চাল ক্রয়	কুড়িগ্রাম সদর	৯,১৫,০১,৯০০ (নয় কোটি পনেরো লাখ এক হাজার নয়শত) টাকা
২			চিলমারী	১,৪২,৪৩,৬০০ (এক কোটি বিয়াল্লিশ লাখ তেতাল্লিশ হাজার ছয়শত) টাকা
৩			নাগেশ্বরী	৫,৪৬,৭৭,৯০০ (পাঁচ কোটি ছেচল্লিশ লাখ সাতাত্তর হাজার নয়শত) টাকা
৪			ভুরুঙ্গামারী	৯,০১,২৬,০০০ (নয় কোটি এক লাখ ছাব্বিশ হাজার) টাকা
মোট				=২৫,০৫,৪৯,৮০০ (পঁচিশ কোটি পাঁচ লাখ উনপঞ্চাশ হাজার চারশত) টাকা

উল্লেখ্য, কোড নং-৪১২৪১০১-চাল ক্রয় খাতে উখানি, রাজারহাট-এর অনুকূলে ১৬.০৭.২০২৫খ্রি. তারিখের ১০৫১নং স্মারকে =৭,৯২,৩০,০০০/- টাকা এবং ২৬.১১.২০২৫খ্রি. তারিখের ৮৫নং স্মারকে =২,১২,৫৫,০০০/- টাকাসহ মোট=১০,০৪,৮৫,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত দপ্তরের অনুকূলে বকেয়াসহ মোট মূল্য =৮,৫০,০০,০০০/- টাকা দেখানো হয়েছে; যা বরাদ্দকৃত টাকার তুলনায় কম বিধায় চাহিত অর্থ বরাদ্দ প্রদান করা হলো না। পরবর্তীতে নির্ধারিত ছকে যথাযথ হিসাবসহ চাহিদাপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এই বরাদ্দ ব্যবহারে নিম্নোক্ত শর্তাবলি/ নিয়মাবলি পালন করতে হবে।

(ক) এই ব্যয় ২০২৫-২৬ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

(খ) এই অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।

পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০১-০১-২০২৬

মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপপরিচালক

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৫.২৪.৬/১ (৭)

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুড়িগ্রাম। বরাদ্দ পত্রটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম সদর/রাজারহাট/চিলমারী/নাগেশ্বরী/ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চিলমারী/নাগেশ্বরী/ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৭। অফিস কপি/, মাস্টার কপি।



০১-০১-২০২৬

মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপপরিচালক